আলমডাঙ্গায় একই ব্যক্তির বিরুদ্ধে মারামারির ঘটনায় পৃথক দুটি থানায় অভিযোগ

পূর্ব শত্রুতার জের ধরে আলমডাঙ্গার বাবুপাড়ার কাউসুল কাউনাইনকে মারপিটের অভিযোগ উঠেছে। গতকাল বুধবার বিকাল ৬ টার দিকে বাবুপাড়ার বিটেম মাঠ প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।
এ ঘটনায় আফজাল হোসেনকে বাদী করে অজ্ঞাত ৬/৭ জনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় অভিযোগ দায়ের করেন।
জানা গেছে, আলমডাঙ্গা পৌর এলাকা বাবুপাড়ার ইফতেখারুলের ছেলে কাউসুল কাউনাইনের সাথে একই এলাকার কোর্টপাড়ার সিরাজুল ইসলাম তুফানের ছেলে আফজাল হোসেনের সাথে দীর্ঘদিন পূর্ব শত্রুতা চলে আসছিলো।
এর ঘটনায় গতকাল বুধবার বিকেল ৬ টার দিকে কাউসুল কাউনাইন আলমডাঙ্গার বিটিম মাঠ প্রাঙ্গণে গেলে তাদের লক্ষ করে আফজালসহ অজ্ঞাত কয়েকজন ব্যক্তি তাদের উপরে ইট নিক্ষেপ করে। এ ঘটনায় কাউসুল কাউনাইন ও তার খালাতো ভাই আবির মাহবুব গুরুত্বর আহত হয়। তারা স্থানীয় হাসপাতালে চিকিৎসা গ্রহণ করে।
এদিকে, গত সোমবার সন্ধ্যা ৭ টার দিকে আফজাল হোসেন একই এলাকার সুমনকে ধারালো অস্ত্র নিয়ে ধাওয়া করে। সুমন তার জীবন রক্ষার্থে দৌড়ে পালিয়ে যায়। আফজালের এ অপরাধ প্রবণতার কারণে সুমন ও কাউসুল কাউনাইন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করে।

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় মুজিববর্ষ উৎযাপন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ৭টায় দামুড়হুদার হাউলি ইউনিয়ন পরিষদের

সামনে (ডুগডুগি) থেকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম পর্যন্ত প্রায় ৬কিলোমিটার ম্যারাথন দৌড় এর উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, উপজেলা মাধ্যমিক অফিসার আব্দুল মতিন, প্রাথমিক শিক্ষা অফিসার সাকি ছালাম, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীনসহ উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ।
এই প্রতিযোগীতায় প্রায় ৫০জন অংশ নেয়। প্রতিযোগীতা
শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ অতিথিবৃন্দ।
অনুষ্ঠান পরিচালনা করেন সমবায় অফিসার হারুন অর
রশিদ।

দামুড়হুদায় ইয়াবাসহ গোপন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযানে ১৫ পিচ ইয়াবা সহ গোপন আটক হয়েছে।
জানা গেছে, গত মঙ্গলবার রাত সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এসআই তৌহিদুর রহমান শেখসহ সঙ্গীয় পুলিশ ফোর্স দামুড়হুদা খাঁপাড়ার হাশেম খাঁ’র ছেলে মাদকব্যবসায়ী আকিফুজ্জামান ওরফে গোপন (৩৫) কে তার বসত বাড়ির শয়ন কক্ষ থেকে ১৫পিচ ইয়াবা ট্যাবলেটসহ আটক করা হয়।
এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন -আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে একটি মামলা করা হয়েছে। আসামির বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে।

দামুড়হুদায় আলুর বাম্পার ফলন, দাম না থাকায় কৃষকেরা শঙ্কিত

দামুড়হুদায় আলুর লক্ষমাত্রা অর্জন হলেও আশানুরূপ দাম না পাওয়ায় কৃষকরা শঙ্কিত। চলতি মৌসুমে খাদ্যে উদ্বৃত্ত দামুড়হুদা উপজেলাতে আলুর বাম্পার ফলন হয়েছে। উপজেলাতে আবহাওয়ার বৈরী আচরণ ও রোগ-বালাইয়ের আক্রমণ না হওয়ায় ফলন ভালো হয়েছে বলে জানা গেছে।
এ বছরে আলুর ফলন ভালো হলেও কৃষকের মুখে হাসি নেই। বাজারে আলুর দাম না থাকায় কৃষক সমাজ শঙ্কিত। চড়াদামে বীজ, সার কিনে আলু লাগিয়ে কৃষকের খরচের টাকা তুলতেও খাচ্ছেন হিমসিম।
গত বছর ফলন ভালো না হওয়ায় বছর জুড়ে আলুর দাম ছিল বেশ চড়া। তবে অধিক লাভের আশায় দামুড়হুদা উপজেলার কৃষকরা ব্যাপকভাবে আলু চাষে ঝুঁকে পড়েন। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে যায়, এ উপজেলাতে গত বছরে ৩৯০ হেক্টর জমিতে আলু চাষ করা হয়। সে তুলনায় এবার লক্ষমাত্রা ধরা হয় ৩৯০ হেক্টর, চলতি মৌসুমে লক্ষমাত্রা ছাড়িয়ে অর্জন করা হয় ৪৭৯ হেক্টর জমির আলু। উপজেলাতে এবার ৫ জাতের আলু চাষ করেছেন বলে জানিয়েছেন কৃষকরা। এবারে আলু উৎপাদন মৌসুমে আলুর তেমন কোনো রোগ-বালাই লক্ষ্য করা যাননি, গাছও হয়েছে চমৎকার, বিঘা প্রতি জমিতে আলু উৎপাদন হয়েছে ৯০-১২০ মন । উপজেলা সদরের কৃষক ফকির জানান, আমি প্রায় ৩ বিঘা জমিতে আলু লাগিয়ে ছিলাম, ফলনো ভালো হয়েছে। তবে আলুর বাজার মূল্য খুব কম। প্রতি মণ আলু পাইকারি বিক্রয় হচ্ছে ৩০০-৪০০ টাকা। খুচরা কেজি বিক্রয় করা হচ্ছে ১০-১৫ টাকা দরে।
অপর আর এক কৃষক জানান, সার ও বীজসহ অন্যান্য খরচ বাবদ প্রতিবিঘা জমিতে আলু লাগাতে খরচ হয়েছে ২০-২৫ হাজার টাকার মতো।
উপজেলা কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন- এবার দামুড়হুদা উপজেলার কৃষকরা অধিক মুনাফা অর্জনের লক্ষে কষ্ট করে আলু চাষ করেছেন, তবে সে তুলনায় আলুর বাজারে দাম অনেক নিন্ম হওয়াতে কৃষকরা হতাশায় রযেছেন। কৃষক এবারের আলু চাষে ক্ষতিতে থাকবেন।
উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ মনিরুজ্জামান বলেন চলতি মৌসুমে আবহাওয়া অনুকূলে থাকায় আলুতে তেমন কোনো রোগ বালাই হয়নি। ফলে আলুর বাম্পার ফলন হয়েছে, তবে বাজারে আলুর দাম পড়ে যাওয়ায় কৃষকরা আলুতে এবার বেশি লাভবান হবেন না। দাম কম হলেও ফলন বেশি হওয়াতে পুষিয়ে যাবে। তবে হিমাগার গুলিতে নির্দেশনা মেনে

ঠিক সময়ে পুষ্ট আলু মজুদ করতে পারলে আগামীতে আলুর দাম পাওয়ার সম্ভাবনা রয়েছে। এবারে আলুর যা ফলন হয়েছে, তাতে অতীতের সমস্ত রেকর্ড ছাড়িয়ে গিয়েছে।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেছেন, আমরা উন্নয়নে বিশ্বাস করি, দেশেন উন্নয়নে কাজ করে যাচ্ছি।
আওয়ামী লীগ ক্ষমতায় আসলে উন্নয়ন হয়। উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন যা আমরা কাজ করে দেখিয়েছি। এলজিইডির রুরাল কমিউনিটি ইমপ্লিমেন্ট প্রজেক্টের অধিনে আজ হাউসপুর থেকে বেলগাছি, খাসকররা হয়ে সরোজ গঞ্জ জিসি পর্যন্ত ১৯ কোটি ৫৮ লক্ষ ৫০ হাহার টাকা ব্যয়ে ১৮ কিঃ মিঃ রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হল। পর্যায় ক্রমে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নেটর রস্তা নির্মাণ করা হবে। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে করতে পারেনি।
তিনি বলেন, আমরা স্বাধীনতার ৫০ বছর পূর্তি পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখী সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত একটি সোনার বাংলার। কিন্ত উনি বাস্তবে রুপ দিয়ে যেতে পারেন নি। তার কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা করে দেখিয়েছেন।
আলমডাঙ্গা ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলি, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, ওসি আলমগীর কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা

ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান জোয়াদ্দার লোটাস, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হকসহ ডাউকি ইউনিন আওয়ামী লীগের সম্পাদক ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলামসহ সকল নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় কঠোর নিরাপত্তায় বিআরডিবির নির্বাচন, ৩৪ ভোটে রবিউল ইসলামের জয়

আলমডাঙ্গায় কঠোর পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে বিআরডিবি সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনে মো: রবিউল ইসলাম বিজয়ী হয়েছেন।
এবারের নির্বাচনে মোট ৩জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেন। প্রার্থীরা হলেন মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক, মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক ও খন্দকার বজলুল করিম আম প্রতীক। গতকাল মঙ্গলবার সকাল ১০ থেকে এ নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়। দুপুর ২ টার মধ্যে সমিতির ৭৭ জন ভোটার ভোট প্রয়োগ করেন।
এ নির্বাচনে মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে ৩৪ ভোট পেয়ে বিআরডিবির সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দি¦ মো: বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে পেয়েছেন ২৪ ভোট। এ ছাড়াও খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে পেয়েছেন ১৯ ভোট। এদিকে বিনা প্রতিদ্বন্দিতায় সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন নাসির উদ্দিন, সদস্য মোছাঃ রোকেয়া খাতুন, কাজী আব্দুল মোমেন। বিজয়ী প্রার্থী রবিউল ইসলাম তার প্রতিক্রীয়ায় বলেন, যারা আমাকে বিজয়ী করেছেন তাদের অসংখ্য ধন্যবাদ। সেই সাথে পুলিশ বাহিনীর

সদস্য ও সাংবাদিকদের অসংখ্য ধন্যবাদ জানায়।
উল্লেখ্য ইতোপূর্বে রবিউল ইসলাম ১৯৯৫ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত আলমডাঙ্গা বিআরডিবির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে চাউল ও ভিজিডির কার্ড বিতরণ

“শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুদা হবে নিরুদ্দেশ” এ স্লোগান কে সামনে রেখে
চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩নং কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীর মধ্যে গতকাল মঙ্গলবার সকাল ১০ টার সময় ৩০ কেজি (সরকারী সরবরাহকৃত বস্তায়) খাদ্য শষ্য হিসেবে চাউল ও ভিজিডির কার্ড বিতরণের উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান।
এ সময় উপস্থিত ছিলেন সকল ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ, ইউপি সচিব মোঃ মহিউদ্দীন, ইউপি হিসাব সহকারী কাঃ তপন কুমার, গ্রাম পুলিশসহ উপকারভোগীরা।

জীবননগরে বিট পুলিশিং মতবিনিময় সভা

জীবননগর পৌর সভার লক্ষীপুর ব্রীজ মোড়ে বিট পুলিশিং মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর থানা পুলিশের আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মুন্সী আঃ সামাদের সভােপিতত্ব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাদক মুক্ত সমাজ গঠন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষায়ক বক্তব্য

রাখেন সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা-জীবননগর সার্কেল আবু রাসেল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানার ওসি(তদন্ত) ফৈরদৌস ওয়াহিদ, ওসি অপারেশন সুখেন্দু, জীবননগর পৌর সভার ৫নং ওয়ার্ডের নব-নির্বাচিত কমিশনার জামাল হোসেন খোকনসহ আওয়ামী লীগ নেতা লিটন খান, আঃ কুদ্দুস, যুবলীগ নেতা ছমির খান, কামরুল, ছাত্রলীগ নেতা সুজন, লাভলুসহ এলাকার দুই শতাধীক নারী পুরুষ।
উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন এস আই নাসিরুল আলম।

আলমডাঙ্গায় পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি বলেন, ইচ্ছা থাকলে দেশের উন্নয়ন করা সম্ভব, এই প্রকল্পের পিডি যে মন্তব্য করেছেন, আমি তাকে ধন্যবাদ জানাই, মঞ্চে এসে দুচারটে কথা যারা বলে যান, তাতে দেশের উন্নয়ন হয় না।
উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন। যা আমরা কাজ করে দেখিয়েছি। মাত্র ১২ বছর ক্ষমতায় এসে জননেন্ত্রী হাসিনা বাংলাদের জীবন মান অনেক উন্নত করেছেন। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে কোরতে পারেনি।
পৌর সভায় ১০ কোটি টাকার সুপেয় পানী সরবরাহ ও ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করা হল এবং পৌর যে সামান্য কাজ বাকি থাকলো তা অতি সত্তর করা হবে। আশা করি আগামী কয়েক বছরে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নের গ্রামকে শহরে রুপান্তরিত করা হবে।

আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখি সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারীদ্রমুক্ত একটি সোনার বাংলার, কিন্ত উনি তা বাস্তবে দেখে যেতে পারেন নি। উনার কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রী শেখ হাসিনা তা বাস্তবে রুপ দিচ্ছে।
বাংলাদেশ আজ বিশ্বের রোল মডেল, অনেক দেশ আজ বাংলাদের মত হোতে

বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান লোটাস জোয়াদ্দার প্রমুখ।

উৎকন্ঠার মধ্য দিয়ে আজ অনুষ্ঠিত হচ্ছে আলমডাঙ্গার বিআরডিবির নির্বাচন

উৎকন্ঠার মধ্য দিয়ে আজ মঙ্গলবার অনুষ্ঠিত হচ্ছে আলমডাঙ্গা বিআরডিবি’র ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনকে ঘিরে বিরাজ করছে টান টান উত্তেজনা।
এবারের নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দিতা করছেন ৩ জন প্রার্থী। প্রার্থীরা হলেন খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে, মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে ও রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে প্রতিদ্বন্দিতা করছেন।
নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৭৭ জন। সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত একটনা ভোট গ্রহণ করা হবে। তবে নির্বাচনকে ঘিরে প্রার্থীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। কোন কোন প্রার্থীর আশংকা নির্বাচনে সংঘাতের সম্ভাবনা রয়েছে।
বিআরডিবির সাবেক সভাপতি বর্তমান প্রার্থী খন্দকার বজলুল করিম জানান, ঠিক নির্বাচন হলে তিনি বিজয়ী হবেন। তিনি অভিযোগ করে জানান, তার বিজয় নিশ্চিত জেনে কেউ কেউ অনিয়ম ও ফলাফলে প্রভাব বিস্তারের চেস্টা করছে।
তিনি নিরাপত্তা জোরদারের জন্য আইন শৃঙ্খলা বাহিনীর কাছে আবেদন জানিয়েছেন।